



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৪৪৮

তারিখ : ২৮/১১/২০২১ খ্রি.

বিষয়: ২০২১ সালের এইচএসসি পরীক্ষার লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার লিখিত উত্তরপত্র (সৃজনশীল/রচনামূলক ও বহুনির্বাচনী) প্রতিদিনপরীক্ষা শেষে ঐ দিনেই(সকালের পরীক্ষার ক্ষেত্রে-২.৩০ হতে ৫.০০টা ও বিকালের পরীক্ষার ক্ষেত্রে- ৪.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় (ভবন-২) হাতে হাতে ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপত্তা হেফাজতে প্রেরণের ব্যবস্থা করবেন। যদি হাতে হাতে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষা শেষে সময় উল্লেখপূর্বক উত্তরপত্র ভর্তি বস্তা/প্যাকেট/বাক্সে সিলগালা করে থানা হেফাজতে রাখতে হবে এবং নিম্নলিখিত তারিখ সমূহে থানা থেকে নিয়ে সিলগালা অক্ষত অবস্থায় থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

লিখিত উত্তরপত্র (সৃজনশীল/রচনামূলক ও বহুনির্বাচনী) হাতে হাতে বোর্ডে জমাদানের তারিখ:

প্রথম কিস্তি : ১০/১২/২০২১খ্রি: (শুক্রবার)		দ্বিতীয় কিস্তি: ১৭/১২/২০২১খ্রি: (শুক্রবার)	তৃতীয় কিস্তি: ২৪/১২/২০২১খ্রি: (শুক্রবার)	চতুর্থ কিস্তি: ৩১/১২/২০২১খ্রি: (শুক্রবার)	
জেলার নাম	সময়	নিম্নবর্ণিত তারিখের পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	নিম্নবর্ণিত তারিখের পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	নিম্নবর্ণিত তারিখের পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	নিম্নবর্ণিত তারিখের পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র
জামালপুর	৯.৩০ঘটিকা	০২/১২/২১ হতে	১২/১২/২১ হতে	১৯/১২/২১ হতে	২৭/১২/২১ হতে
শেরপুর ও নেত্রকোণা	১১.৩০ঘটিকা	০৯/১২/২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সকল পরীক্ষার উত্তরপত্র	১৫/১২/২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সকল পরীক্ষার উত্তরপত্র	২৩/১২/২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সকল পরীক্ষার উত্তরপত্র	৩০/১২/২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সকল পরীক্ষার উত্তরপত্র
ময়মনসিংহ	২.৩০ঘটিকা				

বিঃদ্র: (১) প্রেরিত লিখিত উত্তরপত্রের বাস্তি/বস্তার উপর ভিন্ন কাগজে বিষয় ও বিষয় কোড লিখে জমা দিতে হবে।


(২) উত্তরপত্রের কভার পৃষ্ঠার উপরের অংশ ও বহুনির্বাচনী OMR অত্র বোর্ডের ০১ নম্বর ভবনে এবং লিখিত উত্তরপত্র ০২ নং ভবনে জমা দিতে হবে।

প্রাপক

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র/২০২১


(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫

Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর;

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা;

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;

৪। অফিস কপি।